



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(অর্থ বিভাগ)

মঞ্জুরী নং-নির্মাণ/১২৫/২০১৮-১৯/

তারিখ : ১১/১১/২০১৮ইং।

প্রাপক

সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্য: দা:),

বিএডিসি, ঢাকা।

বিষয় :- “আনুতোষিক” বিল পরিশোধ বাবদ অর্থ মঞ্জুরী।

সূত্র :- নথি নং-৯পি(সং)২৭৯/৭৮।

সংস্থাপন বিভাগের প্রস্তাব ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্মাণ বিভাগ, ঢাকা দপ্তরের অবসরপ্রাপ্ত ইলেকট্রিশিয়ান, জনাব মোঃ এলাহী বকস্ এর আনুতোষিক বাবদ অনধিক (১৮,৪৬০×৩৯×২) = ১৪,৩৯,৮৮০/- (মাত্র চৌদ্দ লক্ষ উনচল্লিশ হাজার আটশত আশি) টাকার অর্থ মঞ্জুরী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দিতে আদিষ্ট হয়েছে।

শর্তাবলী :

১। সংস্থার প্রচলিত আর্থিক নিয়মাবলী যথাযথভাবে পালন পূর্বক বিল পরিশোধযোগ্য হবে।

২। মঞ্জুরীকৃত অর্থ হতে সংস্থার পাওনা : (ক) গৃহ নির্মাণ ঋণের সুদাসল বাবদ ৬৭,৫৬০/- টাকা, (খ) মটর সাইকেল ঋণের সুদাসল বাবদ ৭২,২৮৮/- টাকা, (গ) ১৯৭৭ সনের বেতন স্কেলের বিপরীতে গৃহিত আগাম বাবদ ৯০০/- টাকা, (ঘ) বাড়ীভাড়া সিলিং বাবদ ১২৬/- টাকা, (ঙ) অতিরিক্ত ধোলাই ভাতা গ্রহন বাবদ ২,২৮০/- টাকা, (চ) আবাসনের বিপরীতে বাড়ীভাড়া বাবদ ১,০৪,৯৩০/- টাকা। সর্বমোট = ২,৪৮,০৮৪/- (মাত্র দুই লক্ষ আটচল্লিশ হাজার চুরাশি) টাকা। তবে স্থানীয়ভাবে সংস্থার আরো অন্য কোন পাওনা থাকলে তা কর্তন/সমন্বয় করে বিল পরিশোধযোগ্য হবে।

উপরোক্ত খরচ ২০১৮-১৯ অর্থ বছরের সরকারের অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ বিভাগের বাজেটের প্রধান খাত আবর্তক কোড নং-৩৭৩১১০১ “আনুতোষিক” খাতে বরাদ্দকৃত অর্থ হতে এ ব্যয় নির্বাহ হবে।

এতে সদস্য-পরিচালক (অর্থ) মহোদয়ের অনুমোদন রয়েছে।

(ফেরদৌস আহমেদ)

সহকারী ব্যবস্থাপক (অর্থ) উ-১

বিএডিসি, ঢাকা।

স্মারক নং-অর্থ/উঃ-১/২০১৮-১৯/

১০০৬/০৭

তারিখ : ১১/১১/১৮

কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১। প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা।
- ২। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (সংস্থাপন), বিএডিসি, ঢাকা।
- ৪। সদস্য পরিচালক (অর্থ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (বিএডিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। জনাব মোঃ এলাহী বকস্, অবসরপ্রাপ্ত ইলেকট্রিশিয়ান, নির্মাণ বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৭। অফিস কপি।